# খামেনির কফিনে ইমাম রেজার মাজারের লাল পতাকা, শেষ বিদায়ের প্রস্তুতি



ছবি: সংগ্রহ

ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনির শেষ বিদায়ের আয়োজন শুরু হয়েছে। এর অংশ হিসেবে মাশহাদের ইমাম রেজার মাজারের লাল পতাকা তার কফিনে রাখা হয়েছে। বিষয়টি জানিয়েছে আল-জাজিরা।

আগামী ৯ জুলাই মাশহাদের ইমাম রেজার মাজারে খামেনিকে দাফনের প্রস্তুতি নেওয়া হয়েছে। যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলায় তার মৃত্যুর পর এই তারিখ ঠিক করা হয়।

জর্জটাউন বিশ্ববিদ্যালয়ের মধ্যপ্রাচ্য ও ইসলামিক রাজনীতি বিষয়ে সহযোগী অধ্যাপক নাদের হাশেমি বলেন, ইমাম রেজার মাজারের লাল পতাকাটি শিয়া মুসলিমদের কাছে ইমাম হুসাইন (রা.)-এর আত্মত্যাগ ও কারবালার স্মৃতির প্রতীক। তাই খামেনির কফিনে এই পতাকা রাখা শুধু শোক প্রকাশ নয়, এর ধর্মীয় ও ঐতিহাসিক গুরুত্বও রয়েছে।

তিনি বলেন, ইরানের রাষ্ট্রীয় নেতৃত্ব এই প্রতীকের মাধ্যমে খামেনির মৃত্যুকে কারবালার ঘটনার সঙ্গে প্রতীকীভাবে যুক্ত করে তুলে ধরার চেষ্টা করছে।

LENS ASIA